সম্মিলিত মহান একুশ উদযাপন, লস এঞ্জেলেস

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে অস্থায়ী শহীদ মিনারের প্রথম প্রহরের পুষ্পার্ঘ অর্পণ। লস এঞ্জেলেসের সকল সংগঠন, প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গদেরকে দল, মত, ধর্ম, বর্ণ, ভাষা নির্বিশেষে সম্মিলিত মহান একুশ উদযাপনে অংশগ্রহণ করে জাতীয় চেতনা ও দেশীয় ঐতিহ্যকে বিশ্বের মানুষের কাছে পৌঁছে দেওয়ার জন্য আসুন আমরা একুশের সৈনিক হিসাবে প্রথম প্রহরের পুষ্পার্ঘ অর্পণে অংশগ্রহণ করি।

স্থান : শ্যাটো রিক্রিয়েশন সেন্টারের উন্মুক্ত চত্বর।
তারিখ ও সময় : ২০ ফেব্রুয়ারি, মঙ্গল বার, রাত ৯টা থেকে ১২.৩০ মিনিট।
আয়োজনে : সম্মিলিত একুশ, লস এঞ্জেলেস,
নিউজ মিডিয়া পার্টনার: একুশ (হলিউডের বাংলা পত্রিকা),
টিভি মিডিয়া পার্টনার: এনটিভি, রেডিও মিডিয়া পার্টনার: ভয়েস অব বাংলাদেশ-লস এঞ্জেলেস, স্ন্যাকস / চা আপ্যায়ন: স্বদেশ রেষ্টুরেন্ট ও দেশী রেষ্টুরেন্ট, সিকিউরিটি সরবরাহ: কোর আমেরিকান সিকিউরিটি কনসালটেন্ট,
প্রচার: রেহানা এস বদরুল।

21.2 International Mother language day

হলিউডের বাংলা পত্রিকা

একুশ

Ekush.info

21 Ekush Bangla Newspaper from Hollywood

অভিবাসীদের অপরাধ
বহিস্কার ও নিষেধাজ্ঞা আসতে পারে

বিস্তারিত ভেতরের পাতায়

একুশ ডেস্ক : গাড়ি চুরির অপরাধে গ্রেপ্তার হলেন এক অভিবাসী। গ্রিন কার্ড আছে তার। চুরির দায়ে এবার কি তিনি তার গ্রিন কার্ড হারাবেন? এ প্রশ্ন ওঠতেই পারে। ফৌজদারি আইন এবং দোষী প্রমাণিত হওয়ার বেশ গুরুত্বপূর্ণ প্রভাব রয়েছে গ্রিন কার্ড বা স্বল্পমেয়াদি ভিসাধারীদের ওপর। এমন কিছু অপরাধ আছে যার সঙ্গে সম্পৃক্ততা প্রমাণ হলে একজন অভিবাসীকে যুক্তরাষ্ট্র থেকে বের করে দেওয়া পর্যন্ত হতে পারে। এ বিষয়ক আইন বেশ জটিল।
অভিবাসন - বাকি অংশ ৭-এর পাতায়

Volume 01, Issue 20, February 2, 2007 ■ Hollywood, California, USA ■ www.ekush.info ■ Bengali Community Newspaper ■ ফেব্রুয়ারি ০২, ২০০৭, শুক্রবার ■ মাঘ ২০, ১৪১৩

প্রথম কলাম

তত্ত্বাবধায়ক সরকারের কাছে লস এঞ্জেলেস প্রবাসীদের প্রত্যাশা

তপন দেবনাথ : নানা চড়াই-উৎরাই পার করে দেশে এখন একটি তত্ত্বাবধায়ক সরকার রাষ্ট্র পরিচালনা করছে। দেশের জনসাধারণের ন্যায় প্রবাসীদেরও এ সরকারের কাছে প্রত্যাশার শেষ নেই। রাজনৈতিক সরকার যেহেতু যে কোনো সিদ্ধান্ত নিতে সিদ্ধান্তহীনতায় ভোগে এবং বিরোধী দলের চাপের কবলে অধিকাংশ সময়ই সিদ্ধান্ত বাস্তবায়ন করতে পারে না। তত্ত্বাবধায়ক সরকার একেবারেই আলাদা একটি সরকার। যাকে নিরপেক্ষ সরকার বলা হচ্ছে। এই নিরপেক্ষ সরকারের প্রধান কাজ হচ্ছে একটি অবাধ, সুষ্ঠু, সবার কাছে গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠান করে নির্বাচিত সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করা। কিন্তু বর্তমান তত্ত্বাবধায়ক

সম্পর্কিত ফীচার:
▣ ৬০% প্রবাসী হরতাল-অবরোধ বন্ধের জন্যে আইন তৈরীর পক্ষে মত দিয়েছেন.পৃ ১০

সরকার পড়েছে নানা গ্যাঁড়াকলে। নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত করা তাদের পক্ষে সম্ভব হয়নি। কবে নির্বাচন হবে সে ব্যাপারে এখনো কোনো সুনির্দিষ্ট দিনক্ষণ জানা যায়নি।
একুশ পত্রিকার পক্ষ থেকে এই প্রতিনিধি লস এঞ্জেলেস প্রবাসী কয়েকজন বাংলাদেশীর সাথে আলাপ করেন দেশের এই হ-য-ব-র-ল সময়ে তত্ত্বাবধায়ক সরকারের কাছে তাদের প্রত্যাশা কি? প্রায় সকলেই বলেন যতো দ্রুত সম্ভব একটি অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠিত করা। নির্বাচনের নামে সময়ক্ষেপণ করা কেউই পছন্দ করছেন না। তত্ত্বাবধায়ক সরকার যেহেতু একটি স্বল্পকালীন সরকার তাই এই সরকার কিছু সংস্কারমূলক কাজ করতে পারবে। কিন্তু দেশের সার্বিক কল্যাণের জন্য কোনো সিদ্ধান্ত তারা নিতে পারে না। নির্বাচিত সরকার ক্ষমতা গ্রহণ না করা পর্যন্ত দেশ উন্নতির দিকে অগ্রসর হতে পারবে না বলেই প্রবাসীদের ধারণা। তারা বলছেন, যতো দ্রুত সম্ভব নির্বাচনের তারিখ ঘোষিত হোক। নীচে কয়েকজন প্রবাসীর প্রত্যাশা তুলে ধরা হলো :
মোঃ লুৎফুর রহমান (বাচ্চু) : জনাব বাচ্চু গত ৭/৮ বছর ধরে লস এঞ্জেলেসে বসবাস করছেন স্ব-পরিবারে। তত্ত্বাবধায়ক সরকারের কাছে আপনার প্রত্যাশা কি জানতে চাইলে বলেন, নির্বাচন, দ্রুত নির্বাচন অনুষ্ঠিত করা। একটি অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠিত করে নির্বাচিত সরকারের কাছে ক্ষমতা হস্তান্তর করা।
তপন সাহা : তপন সাহা গত পাঁচ বছর ধরে লস এঞ্জেলেসে স্বপরিবারে বসবাস করছেন। স্বামী-স্ত্রী দুজনেই কাজ করেন। ফাঁকে ফাঁকে দেশের রাজনীতির খবরও রাখেন। তত্ত্বাবধায়ক সরকারের কাছে তার প্রত্যাশা বিচার বিভাগ পৃথকিকরণ, স্বাধীন দুর্নীতি দমন কমিশন গঠন ও স্বাধীনভাবে কাজ করা, জাতীয় পরিচয়পত্র প্রদান ও স্বল্পসময়ে নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠিত করা।
জহির উদ্দিন আহমেদ (পান্না) : জনাব পান্না গত৬/৭ বছর ধরে লস এঞ্জেলেসে বসবাস করছেন। তিনি একা থাকেন। বাকি অংশ ১০-এর পাতায়

তুরাগ তীরে বিশ্বের বৃহত্তম জুমার নামাজ আদায়

ইজতেমা মাঠে গতকাল জুমার নামাজে মুসল্লিদের ভিড় মূল মাঠ ছাপিয়েও অস্থায়ী সেতুতে চলে আসে — ভোরের কাগজ

নির্বাচন ৩ মাসের জন্য স্থগিত : হাইকোর্টের রুল

একুশ প্রতিবেদক : আগামী ৩ মাস জাতীয় সংসদ নির্বাচনের উদ্যোগ স্থগিত রাখার নির্দেশ দিয়েছে হাইকোর্ট। আদালত একই সঙ্গে সুপ্রিম কোর্টের নির্দেশনা অনুযায়ী ভোটার তালিকা হালনাগাদ করার জন্যও নির্বাচন কমিশনকে নির্দেশ দিয়েছে। বিচারপতি সৈয়দ দস্তগীর হোসেন ও বিচারপতি মামনুন রহমান সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ ঢাকা-৬ আসনের জনৈক ভোটার কাজী মামুনুর রশিদের দায়ের করা এক রিট মামলার পরিপ্রেক্ষিতে গত ২৯ জানুয়ারি সোমবার এই স্থগিতাদেশ বাকি অংশ ৫-এর পাতায়

সম্পর্কিত ফীচার:
▣ কি আছে জরুরি ক্ষমতা বিধিমালা ২০০৭-এ......পৃ. ৫

মাতৃভাষা বাংলাভাষা খোদার সেরা দান

আজ বৃহস্পতিবার পহেলা ফেব্রুয়ারি। ১৯৫২ ঈসায়ী সাল থেকে ২০০৭। ১৩৫৮ বাংলা বর্ষ থেকে ১৪১৩। শুরু হলো ৫৫তম ভাষা শহীদদের রক্তস্নাত ফেব্রুয়ারি মাস। আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের স্মৃতিবাহী মাস। আবারও ফিরে এলো ত্যাগের মহিমায় ভাস্বর ও মহাপ্রাপ্তির আনন্দে উদ্বেলিত হওয়ার মাস।
একান্ন পূর্ব যে কোনো সূর্যোদয়ের চেয়ে বায়ান্ন সাল থেকে এ দিনের সূর্য ওঠে একটি বিশেষ বারতা নিয়ে। সে বারতা মাতৃভাষা আন্দোলন তথা আত্মজাগৃতি ও আত্মপরিচয় প্রতিষ্ঠার। মাতৃভাষা প্রাণের ভাষা। বাংলাভাষা বাঙ্গালীর বীজমন্ত্র।
মুখের ভাষার জন্য নিরন্তর লড়াইয়ের ইতিহাস পৃথিবীতে দ্বিতীয়টি নেই। সঙ্গত কারণেই রফিকদের রক্তে লেখা মহাকাব্য ‘একুশে’ কিংবা ‘ফেব্রুয়ারি’ শুধু এ জাতিকেই নয়। বিশ্ববাসীর জন্যই যেন ‘আলোকবর্তিকা’। জাতিসংঘ ঘোষিত ‘আন্তর্জাতিক মাতৃভাষা দিবস’ ক’বছর ধরেই পালিত হয়ে আসছে দেশে দেশে। ফেব্রয়ারির সূচনা লগ্নে আমরাও ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা ও সালাম জানাচ্ছি এবং তাদের রূহের মাগফিরাত কামনা করছি।

সবশেষে আপিল করলেন বাংলাভাই
৬ জঙ্গির ফাঁসি ১৬ ফেব্রুয়ারি!

একুশ প্রতিবেদক : নিষিদ্ধ ঘোষিত জেএমবির ৬ জঙ্গির ফাঁসির সম্ভাব্য তারিখ আগামী ১৬ ফেব্রুয়ারি। রাষ্ট্রপতি মারসি পিটিশন না মঞ্জুর করলে ঐ দিন রাত ১২ টার পরে কোনো এক সময় ঝালকাঠীর দুই বিচারক হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত শীর্ষ দুই জঙ্গি নেতা শায়খ আব্দুর রহমান ও সিদ্দিকুল ইসলাম বাংলাভাইসহ ৬ জঙ্গিকে ফাঁসির রশিতে ঝোলানো হবে। সূত্র আরো জানায়, ফাঁসির মঞ্চ ঠিক করে তারও প্রস্তুতি নেওয়া হচ্ছে। কারা কর্তৃপক্ষ জানান, তবে পরিস্থিতির ওপর নির্ভর করে নির্ধারিত তারিখ পেছানো হতে পারে।

বিদায় আসন্ন দুদকের চেয়ারম্যান ও দুই কমিশনারের

পৃ..৫

কমিশনার মনিরুজ্জামান মিঞা, চেয়ারম্যান সুলতান হোসেন খান ও কমিশনার মনিরউদ্দিন আহমেদ

৫ নির্বাচন কমিশনারের পদত্যাগ

পদত্যাগ শেষে কমিশন থেকে বেরিয়ে আসেন বিচারপতি মাহফুজুর রহমান।

একুশ প্রতিবেদক : শেষ পর্যন্ত ভারপ্রাপ্ত প্রধান নির্বাচন কমিশনার বিচারপতি মাহফুজুর রহমানসহ পাঁচ নির্বাচন কমিশনারও বিদায় নিলেন। তারা গতকাল রাষ্ট্রপতি প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদের সঙ্গে দেখা করে একযোগে পদত্যাগ করেন। তবে রহস্যজনক কারণে পদত্যাগের বিষয়ে তারা তাৎক্ষণিকভাবে মুখ খোলেননি। পদত্যাগের পর ভারপ্রাপ্ত সিইসিসহ দুই কমিশনার নির্বাচন কমিশন সচিবালয়ে ফিরলেও অন্য তিনজন সরাসরি বাসায় যান। ভারপ্রাপ্ত সিইসি বিচারপতি মাহফুজুর রহমান ও কমিশনার মাহমুদ হাসান মনসুর অফিসে ফিরে এসে কিছু সময় পরই বাসায় চলে যান। পদত্যাগের বিষয়ে সাংবাদিকদের একের পর এক প্রশ্নের জবাবেও তারা সরাসরি কোনো উত্তর দেননি।
বিচারপতি মাহফুজ বলেছেন, রাষ্ট্রপতির চায়ের আমন্ত্রণ পেয়ে বঙ্গভবনে গিয়েছিলেন। সেখানে কথাবার্তা হয়েছে। ‘পদত্যাগ করেছেন কি না?’ জবাবে তিনি বলেন, বঙ্গভবন থেকে প্রেস রিলিজ পাঠানো হবে। সেখানেই এর উত্তর পেয়ে যাবেন। সরাসরি জবাব না দিয়ে সবাইকে রহস্যের মধ্যে রেখে যাচ্ছেন বলে তিনি উল্লেখ করেন। তবে মাহমুদ হাসান মনসুর বলেন, রহস্যের কিছু নেই। যদি কিছু জানতে চান তাহলে বঙ্গভবনের সংবাদ বিজ্ঞপ্তি থেকেই তা জানা যাবে। পদত্যাগ সংক্রান্ত আরেক প্রশ্নের উত্তরে তিনি বলেন,
বাকি অংশ ৫-এর পাতায়

নির্বাচন কমিশন রাহুমুক্ত

বাঁ থেকে ঃ বিচারপতি মাহফুজুর রহমান ও মুদাব্বির হোসেন চৌধুরী, স ম জাকারিয়া, হাসান মনসুর ও সাইফুল আলম

নতুন সিইসি হিসেবে সাবেক সিএসপি কর্মকর্তা আনিসুজ্জামান খান এবং অন্য দুই কমিশনার হিসেবে সাবেক আইন সচিব ছহুল হোসেন ও বাংলাদেশ রাইফেলসের সাবেক মহাপরিচালক মেজর জেনারেল অবঃ আজিজুর রহমান নিয়োগ পেতে পারেন।

প্রবাসীদের জন্য বরাদ্দকৃত অ্যাপার্টমেন্ট কারা পেলেন?

একুশ রিপোর্ট : গত বছর প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় থেকে বিশ্বে অবস্থানরত প্রবাসী বাংলাদেশীদের জন্য বারিধারার উত্তর প্রান্তে (আমেরিকান এম্বাসী সংলগ্ন) এলাকায় ৫০০ অ্যাপার্টমেন্ট বরাদ্দ করার জন্য ইন্টারন্যাশনাল টেন্ডার দিয়েছিল। যা মাত্র এক সপ্তাহ ওয়েবসাইডে অবস্থান করে। উত্তর আমেরিকার অধিকাংশ প্রবাসীই জানতে পারেনি। অ্যাম্বাসী বা কনস্যুলেট অফিস কোনো লিফলেট বিলি করেনি। ফলে ইচ্ছা থাকা সত্ত্বেও অনেকেই আবেদন করার সুযোগ পায়নি। ইতিমধ্যে বরাদ্দকৃতদের তালিকা প্রণয়ন করা হয়েছে বলে জানা গেছে। এ প্রসঙ্গে আমাদের রিপোর্টার প্রবাস কল্যাণ মন্ত্রণালয়ের কম্পিউটার বিভাগের হেডক্লার্ক মোঃ রফিক সাহেবের সাথে টেলিফোনে যোগাযোগ করলে তিনি প্রশ্ন শোনা মাত্র ফোন হ্যাংআপ করেছেন এবং পরবর্তীতে ফোন ধরেননি। বিশ্বস্ত সূত্রে প্রকাশ উত্তর আমেরিকা থেকে যে কয়কজন পেয়েছেন তা একটি রাজনৈতিক দলের জনৈক নেতা কর্তৃক প্রণীত তালিকায় প্রেরিতদের সকলেই সৌভাগ্যের বরাদ্দ অ্যাপার্টমেন্ট পেয়েছেন বলে জানা গেছে। এদের সকলেই বিশেষ রাজনৈতিক দলের সাথে সম্পৃক্ত ব্যাক্তিবর্গ। প্রবাসী মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত অ্যাপার্টমেন্ট ন্যায় ও সঠিক ভিত্তিতে পরিচালনার জন্য প্রবাসী বাংলাদেশ তত্ত্বাবধায়ক সরকারের দৃষ্টি আকর্ষণ করে আবেদন জানাচ্ছে যে, অবেধ ভিত্তিতে প্রস্তুতকৃত তালিকা বাতিল করে নতুনভাবে সবাইকে অবহিত করার মাধ্যমে আবেদন করার সুযোগ দিয়ে পুনরায় লটারর প্রক্রিয়ায় বৈধভাবে বারিধারার প-ট বরাদ্দ করার আবেদন জানিয়েছে।

ঢাকা ছাড়ছেন মার্কিন রাষ্ট্রদূত বিউটেনিস

একুশ প্রতিবেদক : এ বছরই ঢাকা ছাড়ছেন বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত প্যাট্রেসিয়া এ বিউটেনিস। চলতি বছরের নভেম্বরেই তিনি বদলি হয়েছেন ইরাকের রাজধানী বাগদাদে। বাগদাদের মার্কিন দূতাবাসের নতুন পদে নিয়োগ পেয়েছেন। গত বছরের ১৬ ফেব্রুয়ারি মার্কিন সিনেট বাংলাদেশে তাকে রাষ্ট্রদূত হিসেবে নিয়োগ দেয়। গত ২৯ জানুয়ারি ঢাকা মার্কিন দূতাবাসের পক্ষ থেকে এ তথ্য জানানো হয়। বিগত ১০ মাস তিনি বাংলাদেশে দায়িত্ব পালন করেন। ১৭ মার্চ তিনি ঢাকার দায়িত্ব বুঝে নেন। এই প্রভাবশালী মার্কিন কূটনীতিক এতদ সময়ের মধ্যে বাংলাদেশে বিবদমান রাজনৈতিক পরিস্থিতির কারণে প্রধান দুই দলের মতভেদ কমাতে বিদেশী কূটনীতিকদের অব্যাহত তৎপরতায় নেতৃত্ব দেন।
মার্কিন দূতাবাসের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, খুব শিগগিরই বিউটেনিসের একজন উত্তরসূরি নিয়োগ দেবেন। তবে এই পরিবর্তনের সময়ে এদেশে কাজ ঠিকভাবে চালিয়ে নেওয়ার জন্য মার্কিন পররাষ্ট্র দপ্তর সর্বাত্মক উদ্যোগ নেবে।

৫৯৬ কোটি টাকা লুট, ৭০ শতাংশ শেয়ার বাজেয়াপ্ত
ওরিয়েন্টাল ব্যাংকের কার্যক্রম স্থগিত

দুই ঋণখেলাপির কাছেই রয়েছে ২০০ কোটি টাকা। ২০ জনের খেলাপি ঋণ ৪০০

একুশ প্রতিবেদক : প্রায় ৬০০ কোটি টাকা আত্মসাতের অভিযোগে বেসরকারি ওরিয়েন্টাল ব্যাংকের অন্যতম মালিক ওবায়দুল করিম ও সাবেক মহাব্যবস্থাপক সিএম কয়েস সামিসহ ২৪ জন সাবেক ও বর্তমান কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। এদিকে সরকার গত ২৫ জানুয়ারি

সম্পর্কিত ফীচার:
▣ শীর্ষ ঋণখেলাপি যারা
▣ ৭০ শতাংশ শেয়ার বাজেয়াপ্ত
▣ সিআইডির তৎপরতা
▣ খেলাপিদের বিরুদ্ধে মামলা
▣ কেন্দ্রীয় ব্যাংকের ভূমিকা নিয়ে প্রশ্ন.... ..পৃ. ৫

ওরিয়েন্টাল ব্যাংকের ব্যবসায়িক লেনদেন ও সঞ্চিত অর্থ তুলে নেওয়ার ওপর ৬ মাসের জন্য অস্থায়ী নিষেধাজ্ঞা আরোপ করেছে। অর্থমন্ত্রণালয় বলেছে, গ্রাহকদের স্বার্থের সার্বিক নিরাপত্তার কথা ভেবেই এই স্থগিতাদেশ জারি করা হয়েছে।
বাকি অংশ ৫-এর পাতায়

বিএনপি ছাড়লেন মীর শওকত

একুশ প্রতিবেদক : বিএনপি থেকে পদত্যাগ করেছেন দলের সহসভাপতি লে. জেনারেল মীর শওকত আলী। গত ২৮ জানুয়ারি তিনি তার পদত্যাগপত্র বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার কাছে পাঠিয়েছেন বলে জানা গেছে। পদত্যাগ সম্পর্কে জানতে চাওয়া হলে এক প্রতিক্রিয়ায় মীর শওকত আলী বলেন, ‘এটা ঠিক, দলে যার প্রয়োজনীয়তা নেই তার অযথা পদ আঁকড়ে থাকাটা আমি কখনো ভালো মনে করবো না। সেই পদে আরেকজন এলে হয়তো অবদান রাখতে পারবেন।’ বিএনপিতে থাকাকালে জামাতের সমালোচনা না করলেও দল ছাড়ার পর তিনি জামাতের কঠোর সমালোচনা করেছেন। তিনি বলেন, এবারের নির্বাচনে ম্যাডাম (বিএনপি চেয়ারপারসন) আমাকে ডেকে মনোনয়ন দিতে চেয়েছিলেন। কিন্তু যুদ্ধাপরাধীদের সঙ্গে এক টেবিলে বসতে হবে বলেই আমি ম্যাডামের কাছে ক্ষমা চেয়েছি। আমি মনে করি, ১৯৭১ সালে যেসব ছেলেরা আমার নির্দেশে যুদ্ধ করে রাজাকার আলবদরদের হাতে নিহত হয়েছে, সেই রাজাকারদের সঙ্গে একটেবিলে বসতে আমার বিবেক বাধা দেয়। এটা আমার নেত্রীকেও আমি

স্বাগতম

কনসাল জেনারেল মোঃ আবু জাফর

বাকি অংশ ৮-এর পাতায়

নিউইয়র্কে সাংবাদিকদের সাথে ফোবানার মতবিনিময়

একুশ রিপোর্ট : গত ২১ জানুয়ারি নিউইয়র্কে হাটবাজারে অনুষ্ঠিত হয় ফোবানার মতবিনিময়। উক্ত মতবিনিময় ছিল বিশেষ করে স্থানীয় মিডিয়াসমূহের উদ্দেশ্যে। এখানে উলে-খ্য যে, গত ২০ জানুয়ারি ফোবানার কেন্দ্রীয় কমিটির অধিবেশন উপলক্ষে ফোবানার কর্মকর্তাসহ বিভিন্ন অঙ্গরাজ্যের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। বিশ্বস্ত সূত্রে প্রকাশ, আটলান্টায় অনুষ্ঠিত ফোবানা সম্মেলনের পর মতানৈক্যের সৃষ্টি হয়। সেই সমস্যার সুষ্ঠু ও সাফল্যজনক সমাধানের পরিপ্রেক্ষিতে সবাই একত্রে মিডিয়ার জন্য মতবিনিময় অধিবেশন হয়। উক্ত মতবিনিময়ে ফোবানার কর্মকর্তাবৃন্দ উপস্থিত সকলের কাছ থেকে পরামর্শ চান ও সম্মেলনের আপডেট তুলে ধরে সবাইকে অংশগ্রহণের আমন্ত্রণ জানান। তারা বলেন, এবারের সম্মেলন একটি সম্পূর্ণ ব্যতিক্রমধর্মী হবে। ইতিমধ্যে মূলধারার মানুষ সম্মেলনকে স্বাদরে গ্রহণ করে বিভিন্ন ক্ষেত্রে সাহায্য সহযোগিতা করছেন বলে জানান। এবারের বিশেষ আকর্ষণ হরো উত্তর আমেরিকার শিল্পীদেরকে প্রাধান্য ও অগ্রাধিকার প্রদান করা ও নতুন প্রজন্মের মাঝে ট্যালেন্ট শো চালু করা। তার জন্য দুটি হল ভাড়া করেছে বলে কর্তৃপক্ষ জানান। মতবিনিময়ে উপস্থিত ছিলেন প্রাক্তন সভাপতি আতিকুর রহমান আতিক, লস এঞ্জেলেস থেকে একুশ মিডিয়ার পক্ষে অংশগ্রহণ করেন জাহান হাসান পৃ.২

শিয়া মতাবলম্বী হাজার হাজার মানুষ আশুরা উপলক্ষ্যে হোসেনি দালান থেকে একটি মহররমের শোক মিছিল বের করে। ছবিঃ কামরুজ্জামান/ ঢাকা, জানুয়ারি ৩০, ২০০৭

ঢাকায় বস্তি ও অবৈধ স্থাপনা ভেঙে দেওয়া হচ্ছে

হাজারো পরিবার খোলা আকাশের নিচে

একুশ প্রতিবেদক : গত ২৪ জানুয়ারি (বুধবার) নগরীর বিভিন্ন স্থান থেকে বিপুলসংখ্যক অবৈধ স্থাপনা উচ্ছেদ শুরু করেছে সেনাবাহিনী, র‍্যাব ও পুলিশ। অভিযান চালানো হয়েছে ঢাকার এলিফ্যান্ট রোড, বুড়িগঙ্গা নদীর পাড়, কারওয়ান বাজার, গাবতলী, যাত্রাবাড়ী বিশ্বরোড, পূর্ব শেওড়াপাড়া ও পূর্ব কাফরুল সংলগ্ন কুর্মিটোলা পুরাতন বিমানবন্দর এলাকায়। সেখানে ৬ তলা ভবনসহ বিপুলসংখ্যক বস্তি ও সেমিপাকা ঘরবাড়ি গুঁড়িয়ে দেওয়া হয়েছে। এছাড়া এফডিসি রেলগেট থেকে বিমানবন্দর রেলস্টেশন পর্যন্ত সড়কের উভয় পার্শ্বের সব বস্তি ও অবৈধ স্থাপনাও অভিযানকালে উচ্ছেদ করা হয়েছে। উচ্ছেদ অভিযানের সময় ওই এলাকার পুরাতন বিমানবন্দরের জায়গায় অবৈধভাবে গড়ে ওঠা একের পর এক বস্তিঘর ও টিনের ঘর ভেঙে ফেলতে থাকে। বিমানবন্দরের পশ্চিম পাশের জমিতে বিভিন্ন শ্রেণীর কয়েক হাজার নিম্ন আয়ের মানুষ নিজ উদ্যোগে ঘর নির্মাণ করে বহু বছর ধরে বসবাস করে আসছিল। প্রভাবশালী মহলের ছত্রছায়ায় থেকে কেউ কেউ ঘর তুলে ভাড়া দেয়। অবৈধভাবে দখল করা জমির ওপর ৬ তলা ভবন পর্যন্ত নির্মাণ করা হয়। ইতিপূর্বে অনেকবার এদের জমি খালি করে দেওয়ার জন্য বলা হলেও কেউ কর্ণপাত করেনি। - বাকি অংশ ৫-এর পাতায়

শেয়ারবাজার : প্রবাসীদের বিনিয়োগ
ঢাকার শেয়ারবাজার ঘুরে দাঁড়িয়েছে

একুশ প্রতিবেদক : রাজনৈতিক পরিস্থিতি স্বাভাবিক হওয়ায় ক্ষুদ্র উদ্যোক্তারা শেয়ার বাজারে বিনিয়োগ করছে। পুঁজিবাজারে বিনিয়োগ বাড়ছে, কিন্তু শেয়ার প্রতি মূল্য তেমন বাড়েনি। তবে বাজার চাঙ্গা হয়েছে। ১৯৯৬ সালের পর ঢাকা ও চট্টগ্রাম উভয় শেয়ার বাজার মন্দার কবলে পড়ে। গত ১০ বছরে পুঁজিবাজার ঘুরে দাঁড়াতে পারেনি। গত সপ্তাহে পুঁজিবাজার অনেকটাই ঘুরে দাঁড়িয়েছে। গত সপ্তাহে একদিনে স্মরণকালের
বাকি অংশ ৭-এর পাতায়



চলে গেলেন ওয়াহিদুল হক

বিশিষ্ট সঙ্গীতজ্ঞ, রবীন্দ্র গবেষক ও শিল্পী, ছায়ানটের অন্যতম প্রতিষ্ঠাতা ও মুক্তিযুদ্ধকালে ‘স্বাধীন বাংলা শিল্পী সংস্থা’র অন্যতম প্রধান উদ্যোক্তা, প্রবীন লেখক-সাংবাদিক ওয়াহিদুল হক আর নেই। বারডেমের আইসিইউতে চিকিৎসারত অবস্থায় দীর্ঘ ২৩ দিন
- বাকি অংশ ৯-এর পাতায়

মামুন গ্রেফতার , বান্ধবীরা নজরদারিতে
অদিতি কারাগারে

একুশ প্রতিবেদক : এখন শুধু তাকে নিয়েই আলোচনা, হইচই। তিনি বিতর্কিত ব্যবসায়ী গিয়াস উদ্দিন আল মামুনের বান্ধবী অদিতি সেনগুপ্ত। সেনা নেতৃত্বাধীন যৌথবাহিনী মামুনকে খুঁজতে গিয়ে জিজ্ঞাসাবাদ করেছিল তাকে। অদিতি এখন কারাগারে। ১ মাসের ডিটেনশনে। মামুনের কারণে তাকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হলেও শেষমেশ ডিটেনশন দেওয়া হয় স্বামীর অভিযোগের কারণে। অভিযোগ ছিল সন্তানকে আটকে রেখেছেন তিনি। এখন পর্যন্ত ঢাকায় ধানমণ্ডি থানায় তার বিরুদ্ধে একটি জিডি করা হয়েছে।



মামুনকে আটক

একুশ প্রতিবেদক : গতকাল রাজধানীর বিজয় নগরের এক আদম ব্যবসায়ীর বাসা থেকে বহুল আলোচিত ব্যবসায়ী গিয়াস উদ্দিন আল মামুনকে আটক করে তাকে অজ্ঞাত স্থানে নিয়ে গেছেন সামরিক বাহিনীর সদস্যরা। এ ব্যাপারে গতকাল সামরিক বাহিনী বা সরকারের পক্ষ থেকে কোনো আনুষ্ঠানিক বক্তব্য না দেয়া হলেও দায়িত্বশীল একাধিক সূত্র মামুনকে গ্রেফতারের বিষয়টি নিশ্চিত পৃ.৯

কে এই অদিতি, জড়ালেন কিভাবে?

মামুনের বান্ধবী অদিতি ছিলেন চট্টগ্রামের সাংস্কৃতিক অঙ্গনে অতি পরিচিতদের একজন। ভালো আবৃত্তি করতেন, গাইতেন রবীন্দ্রসঙ্গীত। সেখানকার বনেদি সব অনুষ্ঠানেই ডাক পড়তো তার। এমনই এক অনুষ্ঠানে একজন টিভি উপস্থাপক ব্যক্তিত্বের সঙ্গে পরিচয় হয় অদিতির। বাকি অংশ ৯-এর পাতায়

বালা উজ্জীবিত কো-অর্ডিনেটর কর্তৃক আয়োজিত সংবাদ সম্মেলন: ৩ এর পাতায়

আমেরিকায় ইমিগ্রেশন ফি বাড়ছে ৮০% :
মাদক মামলায় অভিবাসীর পক্ষে মার্কিন সুপ্রিম কোর্টের রায়: ৬ এর পাতায়

কনজিউমার্স রিপোর্ট ৭-এর পাতায়
বিনোদন ৬-এর পাতায়
স্বাস্থ্য কণিকা পৃ..৭

বাংলাদেশে হিডেন ক্যামেরার পর্ণ বাজারে ছেয়ে গেছে! পৃ..৮
অপচয়, দুর্নীতি, প্রতারণা ঠেকাতে লস এঞ্জেলেসে সার্বক্ষণিক হটলাইন পৃ..৭

ব্যবসার বৈধতা চেয়েছে আইএসপি এসোসিয়েশন
অধিকাংশ ভিওআইপি প্রতিষ্ঠান এখনো সচল ; বাংলাদেশে ফোনকার্ড ব্যবসায়ীদের বিপত্তি পৃ..৮

সম্পর্কিত মতামত:
▣ মামুন সাহেবও আইনের উর্ধ্বে নন, কিন্তু তাকে অপপ্রচারে কলঙ্কিত করা হচ্ছে কেন?
তথ্যসন্ত্রাস সন্ত্রাসের চেয়েও ভয়ংকর......পৃ. ৪